


অনলাইন পদ্ধতির ভর্তির নির্দেশিকা

ধাপ-১ : প্রথমে কলেজের www.rc.edu.bd ওয়েবসাইটে প্রবেশ করে নিম্নের ১নং চিত্রে প্রদর্শিত লাল বৃত্তে Online Admission আইকনে ক্লিক করলে ২নং চিত্রটি আসবে। ২নং চিত্রের Online Admission এ ক্লিক করলে ভর্তির প্রক্রিয়া শুরু হবে এবং চিত্রে প্রদর্শিত গাইডলাইন অনুসরণ করে পরবর্তী ধাপসমূহে অগ্রসর হতে হবে। সবশেষে Save বাটনে ক্লিক করলে তথ্যসমূহ সেভ হয়ে অনলাইন রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে।




চিত্র- ১

অনলাইন ভর্তির ক্ষেত্রে যে সকল বিষয়ে সতর্ক থাকতে হবে-

১. ফিরতি মেসেজে প্রাপ্ত রেফারেন্স আইডি ও পাসওয়ার্ড অবশ্যই সংরক্ষণ করতে হবে।
২. ফিরতি মেসেজ পেতে হলে মোবাইল নম্বর অবশ্যই সঠিকভাবে লিখতে হবে এবং কার্যকর থাকতে হবে।
৩. আপলোড করার জন্য পাসপোর্ট সাইজের ছবি সর্বোচ্চ ১০০ কিলোবাইট-এর হতে হবে।
৪. কলেজ ওয়েবসাইট-এ নোটিশ কর্নার হতে ফি'র পরিমাণ জানা যাবে।

কোন তথ্যের বিষয়ে অস্পষ্টতা থাকলে Helpline এ প্রদত্ত নম্বরসমূহের যে কোন একটিতে ফোন করে জেনে নিতে হবে।

ধাপ-২ : ভর্তি ফি পরিশোধঃ অনলাইন রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হলে রেজিস্ট্রেশন সংক্রান্ত সকল তথ্যসহ নিম্নের চিত্রের ন্যায় একটি ফরম আসবে যেখানে ডাচ বাংলা ব্যাংক অথবা রূপালী ব্যাংকের যে কোন একটি নির্বাচন করে ভর্তির ফি জমা দেয়া যাবে। ফি জমাদান সম্পন্ন হলে একটি ফিরতি মেসেজে আইডি ও রোল পাওয়া যাবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।



চিত্র- ২

(ক) রূপালী ব্যাংক পদ্ধতি : এই পদ্ধতিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী প্রথমে  বাটনে ক্লিক করতে হবে এবং পরে নিম্নের চিত্রে প্রদর্শিত Print Bank Slip বাটনে ক্লিক করে পে স্লিপ ডাউনলোড করার পর কলেজের রূপালী ব্যাংক বুথে টাকা জমা দিয়ে ভর্তি হতে হবে।



চিত্র- ৩

বিঃদ্রঃ- ডাউনলোডকৃত Bank Slip-এ নিজের নাম ও বিষয় সঠিক আছে কি না তা নিশ্চিত হয়ে নিতে হবে।

(খ) DBBL পদ্ধতি : ২নং চিত্রের ডাচবাংলা DBBL বাটনে ক্লিক করলে নিম্নরূপ নিয়মাবলী প্রদর্শিত হবে এবং সে মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:

- ক) ভর্তিচ্ছু যে সকল শিক্ষার্থীর মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যেতে হবে।
- খ) '1' (One) নং পেমেণ্ট সিলেক্ট করতে হবে।
- গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করতে হবে।
- ঘ) Bill No-এ আপনার রেফারেন্স ID টি দিতে হবে।
- ঙ) টাকার পরিমাণ লিখতে হবে।
- চ) চার সংখ্যার 'পিন' টাইপ করতে হবে।
- ছ) Ok/Send বাটন ক্লিক করতে হবে।
- জ) DBBL মোবাইল ব্যাংকিং-এর শাখা/আউটলেট থেকে ফিরতি মেসেজে প্রাপ্ত TrxID নম্বরটি সংগ্রহ করতে হবে।

কলেজের ওয়েবসাইটে (www.rc.edu.bd) এর Online Admission লিংকে (১নং চিত্রে লাল বৃত্ত দ্বারা নির্দেশিত) প্রবেশ করে Login আইকনে ক্লিক করে Ref Id ও Password পাসওয়ার্ড দিয়ে প্রবেশ করলে নিম্নের চিত্রটি প্রদর্শিত হবে। এখানে DBBL আইকনে ক্লিক করে মেসেজে প্রাপ্ত TrxID নম্বরটি দিয়ে Submit বাটনে ক্লিক করলে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে এবং College Details অংশে ক্লাস রোল ও স্টুডেন্ট আইডি প্রদর্শিত হবে।

বিঃদ্রঃ- উল্লেখ্য ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং-এর যে কোন আউটলেট থেকেও ভর্তি ফি এর টাকা জমা দেয়া যাবে।
DBBL Help Line- 16216 (তথ্য পাওয়ার প্রয়োজনে)

রেফারেন্স আইডি অবশ্যই মনে রাখতে হবে অথবা কোন গোপন স্থানে লিখে রাখতে হবে। ভর্তির সময় রেফারেন্স আইডি বলতে না পারলে ভর্তি হওয়া যাবে না। তাছাড়া প্রয়োজনবোধে **Admission Confirmation Slip** ডাউনলোডের জন্য লগইনের সময় রেফারেন্স আইডি ও পাসওয়ার্ড প্রয়োজন হবে।

পরিশিষ্ট- ক :

অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা

- (ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র বিভাগীয় প্রধানের নিকট দেখাতে হবে এবং স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি সংশ্লিষ্ট বিভাগে জমা থাকবে।
- (খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড, প্রশংসাপত্র এবং ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ০১ (এক) কপি করে ফটোকপি অনলাইন আবেদন ফরমের College কপির সঙ্গে সংযুক্ত করতে হবে।
- (গ) ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন প্রিন্ট কপির নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে (ছবি গুলো ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ছবির অনুরূপ হবে)।
- (ঘ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।
- (ঙ) রাজশাহী কলেজের রূপালী ব্যাংক বুথ অথবা DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে www.rc.edu.bd ওয়েবসাইটে online admission অপশনে প্রবেশ করে রেফারেন্স ID এবং পাসওয়ার্ড ব্যবহারপূর্বক Confirmation Slip ডাউনলোড কপি প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

*****বিঃ দ্রঃ-** এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এতদবিষয়ে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।